দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 27 JAN 2010 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ২ ...

ইত্তেফাক

# নতুন কোন সরকারি প্রাথমিক স্কুল ২০ বছরেও হয়নি

■ ইত্তেফাক রিপোর্ট

শিশুর জন্য প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলক হলেও গত ২০ বছরে দেশে নতুন কোন সরকারি প্রাথমিক বিদ্যালয় স্থাপিত হয়নি। বরং শিক্ষাক্ষেত্রে নানা ধরনের শিক্ষা প্রতিষ্ঠান থাকায় এর বাণিজ্যিকীকরণ বেড়েছে। পক্ষান্তরে কমেছে প্রাথমিক শিক্ষার গুণগত মান। বুধবার ঢাকা রিপোর্টার্স ইউনিটি মিলনায়তনে আমার অধিকার ক্যাম্পেইন আয়োজিত এক সংবাদ সম্মেলনে বক্তারা এ কথা বলেন।

সকল শিশুর জন্য প্রাথমিক শিক্ষা নিশ্চিত করতে প্রতিটি গ্রামে একটি প্রাথমিক বিদ্যালয় স্থাপন, পর্যাপ্ত শিক্ষক নিয়োগ, শিশুদের জন্য দুপুরে খাবারের ব্যবস্থা করা এবং প্রাথমিক শিক্ষাকে সাংবিধানিক স্বীকৃতি প্রদানের জন্য দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের দাবি জানানো হয়। এছাড়া শিক্ষানীতি ঘোষিত শিক্ষার্থী ও শিক্ষক অনুপাত ৩০ দশমিক ১ বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় শিক্ষক নিয়োগ এবং স্কুলে শিশুদের দুপুরে খাবার ব্যবস্থা করার জন্য পরিকল্পনা ও বাজেট বরাদ্দের দাবি করা হয়।

সংবাদ সম্মেলনে বক্তব্য রাখেন আমার অধিকার ক্যাম্পেইনের আহ্বায়ক মুক্তিযোদ্ধা ও নাট্যনেত্রী রোকেয়া কবীর, স্টিয়ারিং কমিটির সদস্য ড. নীলুফার বানু, মুবাসসির তানভীর এবং সিরাজুল দাহার খান। আমার অধিকারের শুভেচ্ছাদূত হিসেবে দাবিগুলোর সাথে সংহতি প্রকাশ করেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন ফ্যাশন ডিজাইনার বিবি রাসেল। ক্যাম্পেইনের আরেকজন শুভেচ্ছাদূত ক্রিকেটার মোহাম্মদ আশরাফুল এর লিখিত সংহতি তার পক্ষ থেকে জানানো হয়। সংবাদ সম্মেলনে জানুয়ারি থেকে বাংলাদেশে গ্লোবাল ক্যাম্পেইন 'ডব্লিউ এইট' এর কার্যক্রম আনুষ্ঠানিকভাবে শুরু করার ঘোষণা দেন রোকেয়া কবীর।